

ভর্তি

# নীতিমালা লঙ্ঘন, চার মেডিকেল কলেজের কার্যক্রম স্থগিত, সংসদে স্বাস্থ্যমন্ত্রী

বাসস ঢাকা

স্বাস্থ্যমন্ত্রী সামন্ত লাল সেন *ফাইল ছবি: প্রথম আলো*

---

স্বাস্থ্যমন্ত্রী সামন্ত লাল সেন জানিয়েছেন, আইন ও নীতিমালা অনুসারে মানসম্পন্ন শিক্ষা কার্যক্রম পরিচালনা না করায় চারটি মেডিকেল কলেজের শিক্ষা কার্যক্রম স্থগিত করা হয়েছে। দুটি মেডিকেল কলেজের অনুমোদন বাতিল করা হয়েছে। আজ মঙ্গলবার জাতীয় সংসদে টেবিলে উপস্থাপিত সরকারি দলের সদস্য ফরিদা ইয়াসমিনের লিখিত এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। তিনি বলেন, দেশে বর্তমানে ৭২টি বেসরকারি মেডিকেল কলেজ রয়েছে।

স্বতন্ত্র সদস্য পংকজ নাথের অপর এক প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী জানান, সরকারি ও বেসরকারি মিলে দেশে মোট মেডিকেল কলেজ ১১০টি। স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে সরকারি মেডিকেল কলেজ ৩৭টি, যার আসনসংখ্যা ৫ হাজার ৩৮০টি। বাংলাদেশ সেনাবাহিনী পরিচালিত সরকারি মেডিকেল কলেজ একটি, যার আসনসংখ্যা ১২৫টি। এ ছাড়া বেসরকারি মেডিকেল কলেজ ৭২টি। এর মধ্যে সেনাবাহিনী পরিচালিত বেসরকারি মেডিকেল কলেজ ৫টি, যার আসনসংখ্যা ২৬০টি। অপর ৬৭টি বেসরকারি মেডিকেল কলেজে আসন ৬ হাজার ২৯৭টি।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন

